

2 0 1 9

BENGALI

(Major)

Paper : 5.6

Full Marks : 60

Time : 3 hours

*The figures in the margin indicate full marks
for the questions*

- ১। নির্দেশানুযায়ী উত্তর দাও : ১×৭=৭
- (ক) রাজশাহীর তড়িতানন্দ ঠাকুরকে কলেজের ছেলেরা কী বলে ডাকতো ?
- (খ) “নগরের উপকণ্ঠে _____ জাবালির পর্ণকুটার।”
(শূন্যস্থান পূরণ করো)
- (গ) চাটুজ্যে মশায়ের মতানুযায়ী অশ্বুবাচী নিবৃত্তির সময় কখন ?
- (ঘ) ‘উলটপুরাণ’ গল্পে উল্লিখিত ব্রিটেনের জনসংখ্যার কত শতাংশ মহিলা ?
- (ঙ) ‘বড়বাজার’-এর মেছোহাটায় মাছের দালাল কে ?

(2)

- (চ) “বুঝিয়াছি, লঘুচেতাদিগের মনের বন্ধন চাই; নহিলে মন উড়িয়া যায়।” কোন্ পাঠের অংশ ?
- (ছ) ‘কমলাকান্তের দপ্তর’-এর প্রবন্ধগুলো প্রথম কোন্ পত্রিকায় প্রকাশিত হয় ?

২। সংক্ষিপ্ত উত্তর দাও :

২×৪=৮

- (ক) “দেবীর এক হাতে বরাভয়, অপর হাতে সিগারেট।” কার কথা বলা হয়েছে? তাঁর নিবাস কোথায় ?
- (খ) কচি সংসদের প্রেসিডেন্ট ও সেক্রেটারির নাম লেখো।
- (গ) “দোকানদারগণ বিনা ছানায়, শুধু গুড়ে আশ্চর্য্য সন্দেশ করিয়া, সস্তা দরে বিক্রয় করিতেছেন।” এখানে কোন্ দোকানদারদের কথা বলা হয়েছে? প্রকৃতার্থে তারা কী বিক্রি করছিল ?
- (ঘ) ‘মনুষ্যফল’ প্রবন্ধে দেশী হাকিম ও অধ্যাপক ব্রাহ্মণদের কোন্ কোন্ ফলের সঙ্গে তুলনা করা হয়েছে ?

৩। ক—গুচ্ছ এবং খ—গুচ্ছ, প্রতি গুচ্ছ থেকে অন্তত একটি করে মোট তিনটি প্রশ্নের উত্তর দাও :

৫×৩=১৫

ক—গুচ্ছ

- (ক) নিতাইবাবু কোন্ গল্পের চরিত্র? তিনি কেন সাধু-সন্ন্যাসীর খোঁজ করছিলেন? তিনি যে কজন বাবার সন্ধান পেয়েছিলেন তাঁদের অতি সংক্ষিপ্ত পরিচয় দাও।

(3)

- (খ) বকুলাল দত্তের অস্তিম পরিণতি সম্পর্কে আলোকপাত করো।
- (গ) “নতুন সায়েবের তখন হাত ছুটল।” নতুন সায়েব কে? কেন তার হাত ছুটেছিল? এর পরিণতি কী হয়েছিল?

খ—গুচ্ছ

- (ক) “একজন গব্যরস সৃজন করেন, আর একজন হাস্যরস সৃজন করেন। আমি উভয়ের নিকট বিনামূল্যে বিক্রীত।” কাদের কথা বলা হয়েছে? লেখক কেন এরূপ মন্তব্য করেছেন?
- (খ) ব্যাখ্যা করো :
“তুমি বসন্তের কোকিল, শীত বর্ষার কেহ নও।”
- (গ) “আমিও—আমি শ্রীকমলাকান্ত চক্রবর্তী স্বয়ং, একদিন খানায় পড়িয়াছিলাম।” কমলাকান্ত কেন খানায় পড়েছিলেন? প্রসঙ্গটি বিবৃত করো।

৪। ক—গুচ্ছ এবং খ—গুচ্ছ, প্রতি গুচ্ছ থেকে অন্তত একটি করে মোট তিনটি প্রশ্নের উত্তর দাও :

১০×৩=৩০

ক—গুচ্ছ

- (ক) ‘জাবালি’ গল্প অবলম্বনে ঋষি জাবালির চারিত্রিক বৈশিষ্ট্যের পরিচয় দাও।
- (খ) ‘উলটপুরাণ’ গল্পটির নামকরণের সার্থকতা বিচার করো।

(গ) 'কচি সংসদ' গল্পের কেঁপে চরিত্রের বৈশিষ্ট্যগুলো বিশ্লেষণ করো।

খ—গুচ্ছ

(ক) 'বড়বাজার' প্রবন্ধে অবলম্বনে কমলাকান্তের বাজার পরিভ্রমণের অভিজ্ঞতা বর্ণনা করো।

(খ) 'কমলাকান্তের দপ্তর'-এর অন্তর্গত পঠিত প্রবন্ধের আশ্রয়ে বঙ্কিমচন্দ্রের হাস্যরস সৃষ্টির পারদর্শিতা সম্বন্ধে আলোচনা করো।

(গ) কমলাকান্ত চক্রবর্তী নারীদের কোন ফলের সঙ্গে তুলনা করেছেন? সেই ফলের কোনো কোনো অংশের সঙ্গে তিনি নারীদের যে সব সাদৃশ্য খুঁজে পেয়েছেন তার পর্যালোচনা করো।

★ ★ ★